# ২০১৩

# বাংলা

## ষষ্ঠ পত্র

পূর্ণমান-৯০ সময়-৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

## পর্ব - ১

## (সংস্কৃত সাহিত্যানুশীলন)

## মহাকবি কালিদাসের কাব্য ও নাটক (নির্বাচিত)

১। 'মেঘদূত' কাব্যের 'পূর্বমেঘ' অবলম্বনে চিত্র সৌন্দর্য-রচনায় কবির নৈপুণ্যের পরিচয় দাও। ১৫

*অথবা*

'শিপ্রাবাতঃ প্রিয়তমৈব প্রার্থনাচাটুকারঃ।' (পূ. মে. ৩২)— প্রসঙ্গসহ উক্তিটির তাৎপর্য বিশদ করো।

২। 'মেঘদূত' কাব্যের 'উত্তরমেঘ' পর্বটি নিবিড় জীবনরসে ভরপুর।'— আলোচনা করো। ১৫

*অথবা*

'বিত্তেশানাং ন চ খলু বয়ো যৌবনাদন্যদস্তি।' (উ. মে. ৪)— প্রসঙ্গ উল্লেখসহ উক্তিটির ভাবার্থ পরিস্ফুট করো।

*[Turn over*

৩। 'অভিজ্ঞানশকুন্তলম্' নাটকের চতুর্থ অঙ্কে অনসূয়া ও প্রিয়ংবদা চরিত্র উপস্থাপনার নাট্যগুরুত্ব বিচার করো। ১৫

*অথবা*

'হদ্ধী! হদ্ধী! অন্তরিদা সউন্দলা বণবাঈহিং।'—উক্তিটির মনস্তত্ত্ব সম্মত প্রাসঙ্গিক ব্যাখ্যা দাও।

## পর্ব - ২ ও ৩

## (নন্দনতত্ত্ব ঃ ভারতীয় ও পাশ্চাত্য)

৪। 'বাস্তব' (সাহিত্যের পথে) প্রবন্ধে সাহিত্যের বাস্তবতা সম্পর্কে রবীন্দ্র ভাবনার পরিচয় দাও। ১৫

*অথবা*

'সুন্দর' (বাগেশ্বরী শিল্প-প্রবন্ধাবলী) প্রবন্ধের অনুসরণে অবনীন্দ্রনাথ-আলোকিত সৌন্দর্য-চেতনার মূল্যায়ন করো।

৫। 'ভবিষ্যতের কবিতা' গ্রন্থে জাতীয় জীবনের সঙ্গে কাব্যের সম্পর্ক নির্ণয় প্রসঙ্গে শ্রীঅরবিন্দ যে সূক্ষ্ম মননশীলতা ও রসবোধের পরিচয় দিয়েছেন তার গ্রহণযোগ্যতা বিচার করো। ১৫

*অথবা*

কবিতার উদ্ভব, ক্রমবিকাশ ও মানবজীবনে তার প্রভাব সম্পর্কে ক্রিস্টোফার কর্ডওয়েলের অভিমত ব্যক্ত করো।

। 'সাহিত্য সমালোচক অ্যারিস্টটলের 'পোয়েটিকস্' গ্রন্থে ভাবমোক্ষণ (Cathersis) তত্ত্বটি আধুনিক সাহিত্য সমালোচনার দিশারী হয়ে উঠেছে।'— তত্ত্বটি বিশ্লেষণ করে উক্তিটির সারবত্তা প্রতিপন্ন করো। ১৫

*অথবা*

'নান্দনিক বোধে সাহিত্য সমালোচক ক্রোচে ও রবীন্দ্রনাথ সমভাবনার শরিক।'— দুই সমালোচকের নান্দনিক বোধের তৌল বিশ্লেষণ করে মন্তব্যটি সম্পর্কে তোমার অভিমত দাও।

---

# ২০১৪

# বাংলা

## ষষ্ঠ পত্র

পূর্ণমান - ৯০ সময় - ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

## পর্ব - ১

## (সংস্কৃত সাহিত্যানুশীলন)

## মহাকবি কালিদাসের কাব্য ও নাটক (নির্বাচিত)

১। 'মেঘদূত' কাব্যের 'পূর্বমেঘ' অবলম্বনে মহাকবি কালিদাসের নিসর্গচেতনার পরিচয় দাও। ১৫

অথবা

'যাচ্ঞা মোঘা বরমধিগুণে নাধমে লব্ধকামা।' (পূ. মে. ৬)

—প্রসঙ্গসহ বক্তব্য বিষয়ের ভাব-তাৎপর্য বিশ্লেষণ করো।

২। 'মেঘদূত' কাব্যের 'উত্তরমেঘ' পর্বে যক্ষভবন ও যক্ষপ্রিয়ার বর্ণনায় কবির সরস জীবনদৃষ্টির পরিচয় দাও। ১৫

অথবা

"কস্যাত্যন্তং সুখমুপনতং দুঃখমেকান্ততো বা।

নীচৈর্গচ্ছত্যুপরি চ দশা চক্রনেমিক্রমেণ।।" (উ. মে. ৪৮)

— উক্তিটি কার? কোন্ প্রসঙ্গে একথা বলা হয়েছে? শ্লোকটির অন্তর্নিহিত ভাববস্তু ব্যাখ্যা করো।

৩। 'অভিজ্ঞানশকুন্তলম্' নাটকের চতুর্থ অঙ্কে বর্ণিত শকুন্তলা-বিদায়দৃশ্যের রসসৌন্দর্য পরিস্ফুট করো। ১৫

অথবা

'যযাতেরিব শর্মিষ্ঠা ভর্তুর্বহুমতা ভব।'

— পতিগৃহদামনাৰ্থিনী শকুন্তলাকে কে এই আশীর্বাদ করেছিলেন? সপ্রসঙ্গ বাক্যটির মর্মগত অর্থ বিশদ করো।

## পর্ব - ২ ও ৩

## (নন্দনতত্ত্ব ঃ ভারতীয় ও পাশ্চাত্য)

৪। 'সাহিত্যের সত্য' প্রবন্ধের আলোকে সাহিত্যের সত্য-সম্পর্কিত রবীন্দ্রভাবনার পরিচয় দাও। ১৫

অথবা

'বাগেশ্বরী শিল্প-প্রবন্ধাবলী'র অনুসরণে 'সৌন্দর্যের সন্ধান' প্রবন্ধে অবনীন্দ্রনাথের বক্তব্য উপস্থাপন করো।

৫। ঋষি অরবিন্দ-রচিত 'ভবিষ্যতের কবিতা' প্রবন্ধগ্রন্থে বিধৃত 'কবির সূক্ষ্মদর্শন ও মন্ত্র'-সম্পর্কিত ভাবনার স্বরূপ বুঝিয়ে দাও। ১৫

অথবা

ক্রিস্টোফার কর্ডওয়েল রচিত 'ইল্যুশন ও রিয়ালিটি' প্রবন্ধগ্রন্থে উল্লেখিত আধুনিক কবিতার বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ নিজের ভাষায় প্রকাশ করো।

৬। মনীষী অ্যারিস্টটল প্রণীত 'পোয়েটিক্স্' গ্রন্থে ব্যাখ্যাত 'অনুকরণতত্ত্ব'-এর স্বরূপ বিশ্লেষণ করো। ১৫

অথবা

'প্রকাশবাদ ও শিল্প'— সম্পর্কে সাহিত্য সমালোচক ও দার্শনিক ক্রোচের মতাদর্শের মূল্যায়ন করো।

---

# ২০১৫

# বাংলা

## ষষ্ঠ পত্র

পূর্ণমান - ৯০ সময় - ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক। প্রশ্নগুলি সমমানের।

## পর্ব - ১

## (সংস্কৃত সাহিত্যানুশীলন)

## মহাকবি কালিদাসের কাব্য ও নাটক (নির্বাচিত)

১। 'মেঘদূত' কাব্যের 'পূর্বমেঘ'-অবলম্বনে চিত্র সৌন্দর্যসৃষ্টিতে কবির নৈপুণ্যের পরিচয় দাও। ১৫

অথবা

'আপন্নার্তিপ্রশমনফলা সম্পদোহ্যুত্তমানাম্' (পূ. মে. ৫৪)

—প্রসঙ্গসহ উক্তিটির ভাব-তাৎপর্য বিশ্লেষণ করো।

২। 'মেঘদূত' কাব্যের 'উত্তরমেঘ'—অনুসরণে অলকার সৌন্দর্য বর্ণনায় রূপলোক থেকে অরূপ ভাবরসলোকে উত্তরণের ইতিবৃত্তটি বুঝিয়ে দাও। ১৫

অথবা

"কেকোৎকণ্ঠা ভবনশিখিনো নিত্যভাস্বৎকলাপাঃ।

নিত্যজোৎস্নাঃ প্রতিহততমোবৃত্তিরম্যাঃ প্রদোষাঃ।।" (উ. মে. ৩)

— উদ্ধিতিটির সপ্রসঙ্গ ভাবরসগত রোমান্টিক তাৎপর্য ব্যাখ্যা করো।

*[Turn over]*

৩। 'দুর্বাসার অভিশাপ' ঘটনাটিকে 'অভিজ্ঞানশকুন্তলম্' নাটকের মূলসূত্র বলা হয় কেন তার অনুকূলে তোমার যুক্তি উপস্থাপন করো। ১৫

অথবা

'.... যান্ত্যেবং গৃহিণীপদং যুবতয়ো বামাকুলস্যাধয়ঃ।।"

— উক্তিটি কার? সপ্রসঙ্গ এই উক্তিটির ভাবতাৎপর্য বিশদ করো।

## পর্ব - ২ ও ৩

## (নন্দনতত্ত্ব : ভারতীয় ও পাশ্চাত্য)

৪। 'চিরন্তনকে নূতন করে প্রকাশ করাই সাহিত্যের 'ওরিজিন্যালিটি'— 'সাহিত্যে নবত্ব' প্রবন্ধাশ্রয়ে রবীন্দ্রনাথের এই মন্তব্যের সারবত্তা সপ্রমাণ করো। ১৫

অথবা

অবনীন্দ্রনাথ ঠাকুরের 'বাগেশ্বরী শিল্পপ্রবন্ধাবলী'র 'সুন্দর-অসুন্দর' প্রবন্ধের মূলভাব নিজের ভাষায় প্রকাশ করো।

৫। মনীষী অ্যারিস্টটলের 'পোয়েটিকস্' গ্রন্থের 'ট্র্যাজেডি' প্রবন্ধে ব্যাখ্যাত ট্র্যাজেডির সংজ্ঞা, শ্রেণীবিচার ও বিষয়বস্তু সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১৫

অথবা

মনীষী ক্রোচে-প্রণীত 'এস্থেটিক্স্' গ্রন্থে উল্লেখিত 'ইনটুইশন্ এ্যান্ড আর্ট' প্রবন্ধটির মূল বক্তব্য বুঝিয়ে দাও।

। ক্রিস্টোফার কর্ডওয়েলের 'ইল্যুশন এ্যান্ড রিয়ালিটি' প্রবন্ধের অনুসরণে 'কবিতার উদ্ভব ও তার ক্রমবিকাশ' এবং 'মানবজীবনে কবিতার প্রভাব' সম্পর্কে আলোচনা করো। ১৫

**অথবা**

'ভবিষ্যতের কবিতা'— প্রবন্ধ গ্রন্থে ব্যাখ্যাত নন্দনতত্ত্ব ও তার মূল বিষয় সম্পর্কে শ্রীঅরবিন্দের নিরীক্ষার মূল্যায়ন করো।

---

# ২০১৬

# বাংলা

## ষষ্ঠ পত্র

## পর্ব - ১ ও ২

পূর্ণমান ঃ ৯০ সময় ঃ ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

## পর্ব - ১

## (সংস্কৃত সাহিত্যানুশীলন)

## মহাকবি কালিদাসের কাব্য ও নাটক (নির্বাচিত)

১। 'মেঘদূত' কাব্যের 'পূর্ব মেঘ'— অবলম্বনে কবির নিসর্গচেতনার পরিচয় দাও। ১৫

অথবা

"মেঁঘালোকে ভবতি সুখিনোঽপ্যন্যথাবৃত্তিচেতঃ কণ্ঠাশ্লেষপ্রণয়িনি জনে কিং পুনর্দূরসংস্থে।" (পূঃ মে.৩)

— প্রসঙ্গসহ শ্লোকটির ভাব-তাৎপর্য বিশ্লেষণ করো।

২। 'মেঘদূত' কাব্যের 'উত্তর মেঘ'-অবলম্বনে যক্ষভবন ও যক্ষপ্রিয়ার বর্ণনায় কবির নৈপুণ্যের পরিচয় দাও। ১৫

অথবা

"কস্যাত্যন্তং সুখমুপনতং দুঃখমেকান্ততো বা নীচৈর্গচ্ছত্যুপরি চ দশা চক্রনেমিক্রমেণ।।" (উ.মে.৪৮)— সপ্রসঙ্গ উক্তিটির ভাবার্থ বিশ্লেষণ করো।

৩। ‘অভিজ্ঞানশকুন্তলম্’ নাটকের চতুর্থ অঙ্কে বিধৃত মহর্ষি কাশ্যপ বা কণ্ব চরিত্রটি কেন বিশিষ্ট তা আলোচনা করে বুঝিয়ে দাও। ১৫

অথবা

‘হদ্ধী! হদ্ধী! অন্তরিদা সউন্দলা বণরাঈহিং।’— সপ্রসঙ্গ উদ্ধৃতিটিতে ব্যক্ত বক্তার ভাবাবেগের স্বরূপ পরিস্ফুট করো।

## পর্ব - ২ ও ৩ (নন্দনতত্ত্ব ঃ ভারতীয় ও পাশ্চাত্য)

৪। ‘সাহিত্যের পথে’ সমালোচনা গ্রন্থে সাহিত্যের বাস্তবতা বিষয়টিকে রবীন্দ্রনাথ ‘বাস্তব’ প্রবন্ধে যেভাবে ব্যাখ্যা করেছেন তার পরিচয় দাও। ১৫

অথবা

অবনীন্দ্রনাথ ঠাকুরের ‘বাগেশ্বরী শিল্পপ্রবন্ধাবলী’র অনুসরণে ‘সৌন্দর্যের সন্ধান’ প্রবন্ধের মূল বক্তব্য উপস্থাপন করো। ১৫

৫। এ্যারিস্টটলের ‘পোয়েটিকস্’ গ্রন্থে ব্যাখ্যাত ‘অনুকরণ-তত্ত্বের’ স্বরূপ নিজের ভাষায় বুঝিয়ে দাও। ১৫

অথবা

নান্দনিক জিজ্ঞাসার ক্ষেত্রে মনীষী ক্রোচে ও রবীন্দ্রনাথের উপলব্ধিগত মিল ও স্বাতন্ত্র্য নির্দেশ করো।

৬। ক্রিস্টোফার কডওয়েল-প্রণীত ‘ইল্যুশন ও রিয়ালিটি’ প্রবন্ধ গ্রন্থের অনুসরণে ‘শিল্পকলা-সংগঠন’ বিষয়ে লেখকের অভিমত ব্যক্ত করো। ১৫

অথবা

শ্রীঅরবিন্দ-প্রণীত ‘ভবিষ্যতের কবিতা’ নিবন্ধে ‘কাব্যের সূক্ষ্মদর্শন ও মন্ত্র’ শীর্ষক আলোচনাটির সারবত্তা বুঝিয়ে দাও।

---

# ২০১৭
# বাংলা
## ষষ্ঠ পত্র

পূর্ণমান ঃ ৯০ সময় ঃ ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

## পর্ব : ১
## (সংস্কৃত সাহিত্যানুশীলন)
## মহাকবি কালিদাসের কাব্য ও নাটক (নির্বাচিত)

১। 'মেঘদূত' কাব্যের বিরহী যক্ষের নিবেদন অংশে কিভাবে ব্যক্তিগত বেদনাকে প্রকৃতির উদাত্তলোকে পৌঁছে দিয়েছেন — কাব্য অনুসরণে তার পরিচয় দাও। ১৫

অথবা

'যাজ্ঞামোঘা বরমধিগুণে নাধমে লব্ধকামা:'।

— প্রসঙ্গসহ শ্লোকটির ভাব তাৎপর্য বিশ্লেষণ করো। ১৫

২। 'মেঘদূত' কাব্যের উত্তরমেঘ অনুসরণে অলকার সৌন্দর্য বর্ণনায় রূপলোক থেকে অরূপ ভাবরসলোকে উত্তরণের ইতিবৃত্তটি বুঝিয়ে দাও। ১৫

অথবা

কোকোৎকণ্ঠা ভবনশিখিনো নিত্যভাস্বৎকলাপাঃ।

নিত্যজ্যোৎস্নাঃ প্রতিহততমো বৃত্তিরম্যাঃ প্রদোষাঃ।। (উ.মে.৩)

উদ্ধৃতিটির সপ্রসঙ্গ ভাবরসগত রোমান্টিক তাৎপর্য ব্যাখ্যা করো। ১৫

৩। কালিদাসের 'অভিজ্ঞান শকুন্তলম' নাটকে মহর্ষি কাশ্যপের সংলাপে জীবনবাস্তবতা, স্নেহ ও সমাজ ভাবনা কীভাবে একত্রে প্রতিষ্ঠিত হয়েছে তা আলোচনা করে দেখাও। ১৫

অথবা

'... যান্ত্যেবং গৃহিণীপদং যুবতয়ো বামাকুলস্যাধয়ঃ"

— উক্তিটি কার? সপ্রসঙ্গ এই উক্তিটির ভাবগত তাৎপর্য বিশদ করো। ১৫

## পর্ব : ২ ও ৩

## (নন্দনতত্ত্ব ঃ ভারতীয় ও পাশ্চাত্য)

৪। 'সাহিত্যের পথে' গ্রন্থে রবীন্দ্রনাথ মন্তব্য করেছেন— "তথ্যের পাত্রকে আশ্রয় করে আমাদের মনকে সত্যের স্বাদ দেওয়াই সাহিত্য ও ললিতকলার প্রধান কাজ"। — রবীন্দ্রনাথের বক্তব্য অনুসরণ করে বিষয়টি বুঝিয়ে দাও। ১৫

অথবা

শিল্পের 'অধিকার' ও 'অনধিকার' বলতে অবনীন্দ্রনাথ কী বোঝাতে চেয়েছেন? 'বাগেশ্বরী শিল্প প্রবন্ধাবলীর' পাঠ্য প্রবন্ধদুটি অবলম্বনে ব্যাখ্যা করো। ১৫

৫। অ্যারিস্টটল তাঁর 'পোয়েটিক্স' গ্রন্থে প্লেটোর অভিমতকে কতদূর গ্রহণ করেছেন, কতটুকুই বা তাঁর মত থেকে সরে এসেছেন, তা স্পষ্ট করো। ১৫

অথবা

ক্রোচের নন্দনভাবনায় 'ইনটুইশন' বা 'স্বজ্ঞা'র গুরুত্ব বিশ্লেষণ করো। ১৫

৬। কডওয়েল-এর 'ইলিউশন অ্যান্ড রিয়ালিটি' গ্রন্থ অবলম্বনে কাব্যের জন্ম সম্পর্কে আলোচনা করো। ১৫

অথবা

শ্রীঅরবিন্দ প্রণীত 'ভবিষ্যতের কবিতা' গ্রন্থে কাব্যে ছন্দঃস্পন্দন ও গতিপ্রবাহের বিষয়ে লেখকের বক্তব্য নিজের ভাষায় লেখো।

১৫